পরিশিষ্ট-খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

জাতীয় ক্রীড়া পুরস্কার নীতিমালা

যেহেতু জাতীয় ক্রীড়া পুরস্কার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ঘোষিত দেশের ০৬টি জাতীয় ক্রীড়া পুরস্কারের মধ্যে ০১টি এবং যেহেতু জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তি একজন ক্রীড়াবিদ, ক্রীড়াসংগঠক ও পৃষ্ঠপোষকের জন্য অত্যন্ত গৌরব ও মর্যাদার এবং যেহেতু নিয়মিতভাবে এ পুরস্কার প্রদান করলে তা দেশের ক্রীড়াঙ্গনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে ও আমাদের ক্রীড়া-কে আন্তর্জাতিকভাবে এগিয়ে নিয়ে যাবে, সেহেতু জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের নিমিত্ত যথাযথভাবে ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক ও পৃষ্ঠাপোষক নির্বাচনের জন্য সরকার নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করল।

০২। **শিরোনামঃ** এ নীতিমালা জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদান নীতিমালা-২০১৬ হিসেবে অভিহিত হবে।

৩। **সংজ্ঞা ঃ**

(ক) 'জাতীয় ক্রীড়া পুরস্কার' অর্থ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৯-০২-২০১৬ তারিখের ৪.০০.০০০০.৭১২.২২.০০৫. ১২-২২ নং নির্দেশাবলির ৬নং ক্রমিকে বর্ণিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত জাতীয় ক্রীড়া পুরস্কার।

(খ) 'জাতীয় দল' অর্থ আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য স্ব-স্ব খেলায় বাংলাদেশের প্রতিনিধিত্বকারী দল।

(গ) 'আঞ্চলিক (Regional) খেলা' অর্থ আন্তর্জাতিক ভাবে স্বীকৃত অঞ্চল ভিত্তিক আয়োজিত ম্যাচ বা টুর্ণামেন্ট।

(ঘ) 'আন্তর্জাতিক খেলা' অর্থ আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোন সংস্থা কর্তৃক আয়োজিত ম্যাচ এবং টুর্ণামেন্ট।

(ঙ) 'খেলোয়াড়' অর্থ যিনি খেলাধুলায় অংশগ্রহণ করেন।

(চ) 'সংগঠক' অর্থ যিনি ক্রীড়া ইভেন্ট/সংস্থা পরিচালনা বা আয়োজন করেন।

(ছ) 'পৃষ্ঠপোষক' অর্থ ক্রীড়াকে পৃষ্ঠপোষকতা করেন এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান।

(জ) 'ফেডারেশন' অর্থ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক অধিভুক্ত কোন ক্রীড়া ফেডারেশন বা ক্রীড়া এসোসিয়েশন।

খেলোয়াড়

৪। **খেলোয়াড় নির্বাচনের যোগ্যতা ঃ**

(ক) বাংলাদেশী নাগরিকগণ জাতীয় পুরস্কার প্রাপ্তির জন্য বিবেচিত হবেন।

(খ) যে কোন দলগত খেলায় যিনি জাতীয় দলে কমপক্ষে ৫ বছর অথবা কমপক্ষে ১০টি আন্তর্জাতিক খেলায় অংশ নিয়েছেন তিনি জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য যোগ্যতা অর্জন করবেন।

(গ) ব্যক্তিগত ইভেন্টে আন্তর্জাতিক পর্যায়ে যিনি কমপক্ষে একটি স্বর্ণ পদক অথবা ০২টি রৌপ্য পদক অথবা ০৩ টি ব্রোঞ্জ পদক বা সম-পর্যায়ের সম্মাননা বা পুরস্কার পেয়েছেন বা যিনি আঞ্চলিক পর্যায়ে ২টি স্বর্ণপদক অথবা জাতীয় পর্যায়ে ৩টি স্বর্ণপদক পেয়েছেন তিনিও জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য যোগ্যতা অর্জন করবেন।

(ঘ) কোন খেলোয়াড় সংশ্লিষ্ট খেলায় জাতীয় চ্যাম্পিয়নশীপে কমপক্ষে ০৭ বার অংশগ্রহণ ও তাঁর অবদান যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(ঙ) সরকার ক্রীড়াক্ষেত্রে উল্লেখযোগ্য বিশেষ অবদানের জন্য কোন ব্যক্তি জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য বিবেচনা করতে পারবে।

সংগঠক/কর্মকর্তা/সংস্থা

৫। সংগঠক নির্বাচনের যোগ্যতা ঃ

(১) জাতীয় ক্রীড়া ফেডারেশন বা এসোসিয়েশন সমূহে যিনি কমপক্ষে ১০ বছর কর্মকতা অথবা সদস্য হিসেবে জাতীয় অথবা আন্তর্জাতিক পর্যায়ে বিশেষ অবদান রেখেছেন, তিনি জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য যোগ্যতা অর্জন করবেন।

(২) জাতীয় পর্যায়ে প্রশিক্ষক, আম্পায়ার, রেফারি, জুরি, জাজ হিসেবে যিনি কমপক্ষে ১০ বছর বিশেষ অবদান রেখেছেন, তিনি জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য যোগ্যতা অর্জন করবেন।

(৩) এছাড়াও অলিম্পিক এবং আন্তর্জাতিক পর্যায়ে সংগঠক, কর্মকর্তা, প্রশিক্ষক, আম্পায়ার, রেফারি, জুরি, জাজ হিসেবে বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(৪) সরকার ক্রীড়াক্ষেত্রে বিশেষ অবদানের জন্য কোন সংস্থাকে জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য বিবেচনা করতে পারবে।

পৃষ্ঠপোষক

৬। পৃষ্ঠপোষক নির্বাচনের যোগ্যতা ঃ

জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া ক্ষেত্রে পৃষ্ঠপোষকতায় যে সকল ব্যক্তি বা প্রতিষ্ঠান কমপক্ষে ৫ বছর উল্লেখযোগ্য পরিমান সহায়তা দিয়েছেন, শুধুমাত্র তারাই জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য যোগ্যতা অর্জন করবেন।

৭। প্রতিবন্ধী ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠক নির্বাচনের যোগ্যতা :

(ক) জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে ক্রীড়া ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য প্রতিবন্ধী ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক এবং প্রতিবন্ধীদের ক্রীড়ায় পৃষ্ঠাপোষকতা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে জাতীয় ক্রীড়া পুরস্কারের জন্য মনোনীত করা যাবে।

৮। জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে অযোগ্যতা :

১. কোন খেলোয়াড়, সংগঠক বা পৃষ্ঠপোষক ফৌজদারী মামলায় সাজা প্রাপ্ত হলে;

২. কোন খেলোয়াড়, সংগঠক বা পৃষ্ঠপোষক এর শৃঙ্খলাজনিত কারণে কোন ফেডারেশন/সংস্থা/সংগঠন কর্তৃক প্রদত্ত শাস্তি বহাল থাকলে;

৩. কোন খেলোয়াড়, সংগঠক বা পৃষ্ঠপোষক এর অনৈতিক কার্যকলাপের কারণে কোন ফেডারেশন বা ক্রীড়া সংস্থা কর্তৃক প্রদত্ত শাস্তি বহাল থাকলে;

৪. কোন খেলোয়াড় বা সংগঠক রাষ্ট্রবিরোধী মামলায় উপযুক্ত আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হলে;

৫. যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে জাতীয় কোন দলের সদস্য হয়ে কোন খেলোয়াড় বা সংগঠক বিদেশে গিয়ে দেশে ফেরৎ না আসলে বা পরে এসেছে এমন প্রমানিত হলে অথবা শৃঙ্খলা ভঙ্গ করলে এবং তা প্রমাণিত হলে;

৬. জাতীয় ক্রীড়া পরিষদের অনুমোদিত কোন ফেডারেশন, এসোসিয়েশন এবং ফেডারেশন ও এসোসিয়েশনের অন্তর্ভুক্ত ক্লাব বা সংস্থা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে বিদেশে গিয়ে দেশে ফেরৎ না আসলে বা পরে এসেছে এমন প্রমানিত হলে অথবা শৃঙ্খলা ভঙ্গ করলে এবং তা প্রমাণিত হলে।

৯। মূল্যায়ন পদ্ধতি :

(ক) প্রতিটি ক্যাটাগরির পুরস্কারের জন্য সর্বোচ্চ নম্বর ধরে মূল্যায়ন করতে হবে।

(খ) জাতীয় পর্যায়ে প্রতিটি স্বর্ণ পদকের জন্য ১৬ নম্বর, প্রতিটি রৌপ্য পদকের জন্য ৮ নম্বর, প্রতিটি ব্রোঞ্জ পদকের জন্য ৪ নম্বর করে হিসাব করতে হবে। আঞ্চলিক (Regional) পর্যায়ে প্রতিযোগিতার মাধ্যমে প্রাপ্ত প্রতিটি পদকের জন্য নির্ধারিত নম্বর ০২ (দুই) গুণ হবে। আন্তর্জাতিক প্রতিযোগিতার মাধ্যমে প্রাপ্ত প্রতিটি পদকের জন্য নির্ধারিত নম্বর ০৩(তিন) গুণ হবে।

(গ) জাতীয় ক্রীড়া পুরস্কার প্রদানের জন্য মূল্যায়নের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পক্ষ থেকে খ্যাতনামা সাবেক ক্রীড়াবিদ ও ক্রীড়া সংগঠকের সমন্বয় একটি মূল্যায়ন কমিটি গঠন করা হবে।

(ঘ) প্রাপ্ত মনোনয়ন যাচাই/বাছাইয়ের জন্য মূল্যায়ন কমিটি ৫/৭ সদস্য বিশিষ্টি একটি যাচাই-বাছাই কমিটি গঠন কল্পে দায়িত্ব অর্পন করতে পারবে। এ কমিটি মূল্যায়ন কমিটির নিকট সুপারিশ করবে যার ভিত্তিতে মূল্যায়ন কমিটি মনোনয়ন চুড়ান্ত করবে।

(ঙ) উক্ত চূড়ান্ত মনোনয়ন অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

১০। জাতীয় ক্রীড়া পুরস্কারের মনোনয়ন চেয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ২টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করবে। এ পুরস্কারের জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত তথ্য ছক (পরিশিষ্ট-ক) পুরণ পূর্বক তা সংশ্লিষ্ট ফেডারেশনে দাখিল করবে। সংশ্লিষ্ট ফেডারেশন উক্ত তথ্য ছক যাচাই-বাছাই পূর্বক তা প্রত্যয়ণ করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করবে। এ পুরস্কারের জন্য যোগ্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান স্বপ্রনোদিত হয়ে ফেডারেশনে তথ্য ছক দাখিল না করলে সংশ্লিষ্ট ফেডারেশন স্ব-উদ্যোগে উক্ত তথ্যছক পুরণ করে তা প্রত্যয়ণ পূর্বক যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করতে পারবে। কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট ফেডারেশনের পরিবর্তে জেলা ক্রীড়া সংস্থা কিংবা সরাসরি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে তথ্যছক পুরণ করে দাখিল করতে পারবে। এ ক্ষেত্রে মন্ত্রণালয় সংশ্লিষ্ট ফেডারেশন হতে তা যাচাইঅন্তে প্রত্যয়ণ সংগ্রহ করবে।

১১। জাতীয় ক্রীড়া পুরস্কার প্রাপ্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান রাষ্ট্রবিরোধী কোন কর্মকান্ডে জড়িত হয়েছে মর্মে প্রমানিত হলে বা কোন তথ্য গোপন করে এ পুরস্কার অর্জন করলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদত্ত জাতীয় ক্রীড়া পুরস্কার প্রত্যাহার করতে পারবে।

১২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর অনুমোদন নিয়ে এই নীতিমালা প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা যাবে।

১৩। এ নীতিমালায় কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে এক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ব্যাখাই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

০২/৭/২০১৭ ইং

মোঃ আসাদুল ইসলাম
ভারপ্রাপ্ত সচিব